দৈনিক ইত্তেফাক

08 APR 2018
তারিখ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

এইচএসসি পরীক্ষা

# ইংরেজি ২য় পত্রে বহিষ্কার দেড় শতাধিক

■ ইত্তেফাক রিপোর্ট

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষায় ১৬৭ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া সিলেট বোর্ডে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়। গতকাল ৯টি বোর্ডে ১২ হাজার ৫৭৫ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

এইচএসসি পরীক্ষার পঞ্চম দিনে গতকাল শনিবার ঢাকা বোর্ডে মোট ৪ হাজার ৯৫ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এছাড়া এই বোর্ডে ৭৪ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। চট্টগ্রাম বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ১৯২, বহিষ্কার করা হয় আট পরীক্ষার্থীকে। রাজশাহী বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ৬৮৪, বহিষ্কার করা হয় ১২ জনকে। বরিশাল বোর্ডে অনুপস্থিত ছিল ৮২ জন। বহিষ্কার করা হয় ১৫ জনকে। সিলেট বোর্ডে অনুপস্থিত ছিল ৮৪৫ ; বহিষ্কার করা হয় ১২ জন। দিনাজপুর বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ১৮৪; বহিষ্কার ১৫, কুমিল্লা বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ১৬৫; বহিষ্কার ১৫; যশোর বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ৪৫২; বহিষ্কার ১৬ জন।